www.ccc.gov.bd

নগরবাসীর প্রতি সিটি মেয়রের
ঈদ শুভেচ্ছা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়ের বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষ্যে নগরবাসীকে ঈদ মোবারক ও ঈদ শুভেচ্ছা জানিয়েছেন। তিনি এক শুভেচ্ছা বার্তায় বলেন, পবিত্র রমজানে আমরা সিয়াম ও সংযম সাধনায় যে আত্মশুদ্ধি অর্জন করেছি তা সমাজ জীবনে প্রতিফলিত হলেই সামাজিক ও অর্থনৈতিক মুক্তি অর্জিত হবে। মেয়র নগর জীবনে যা কিছু সমস্যা আছে তা সমাধানে নগরবাসীর সহযোগিতাসহ ও তাদের সুখ-শান্তি-সমৃদ্ধি কামনা করেন।

শ্রমজীবী জনতার প্রতি
মহান মে দিবসে মেয়রের শুভেচ্ছা

১লা মে আন্তর্জাতিক শ্রমিক দিবসে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী শ্রমজীবী জনতাকে শুভেচ্ছা জানিয়েছেন। তিনি এক শুভেচ্ছা বার্তায় বলেন, আজ থেকে প্রায় সোয়া শতাব্দীকালের বেশি সময় আগে আমেরিকার শিকাগো নগরীর হে মার্কেটে শ্রমিক শ্রেণির অধিকার আদায়ে আত্মহুতি দিয়ে যে অধিকার প্রতিষ্ঠা করেছিলো তা যেন যথাযথভাবে বাস্তবায়িত হয়। জননেত্রী প্রধানমন্ত্রী শেখ হাসিনা শ্রমিক বান্ধব সরকার গঠন করে শ্রমিক সাম্যের মন্ত্রে জাতিকে উজ্জীবিত করেছেন তার ধারাবাহিকতা রক্ষা করে শ্রমজীবী জনতার মুক্তিই হবে মহান মে দিবসের একমাত্র শপথ।

আবুল মাল আবদুল মুহিতের মৃত্যুতে
সিটি মেয়রের শোক

সাবেক অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিতের মৃত্যুতে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী গভীর শোক প্রকাশ করেন। এক শোক বার্তায় তিনি বলেন, প্রয়াত আবুল মাল আবদুল মুহিত একজন দক্ষ রাজনীতিকর ও অর্থনীতিবিদ হিসেবে বাংলাদেশের অর্থনীতি সমৃদ্ধি অর্জনে যথেষ্ট অবদান রেখেছেন। তাই তিন চিরস্মরণীয় হয়ে থাকবেন। তিনি মরহুমের রুহের মাগফেরাত কামনা করে শোক সন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জানান।

স্বাক্ষরিত/-
(কালাম চৌধুরী)
জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)
চট্টগ্রাম সিটি কর্পোরেশন
মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩